




অনলাইনে উচ্চশিক্ষার  
আবেদন করার নিয়ম  
ও বিভিন্ন Scholarship/ বৃত্তির  
তথ্য অনুসন্ধান করার উপায়



Digital  
Literacy  
Center



তুমি আমাকে  
কোনো কাজেই  
হেল্প করো না

কী বলো তোমার সব  
কাজেই তো সময় দেই

কই তোমাকে যে  
বললাম কোন দেশের কোন  
বিশাববিদ্যালয় স্কলারশিপ  
দিচ্ছে সে বিষয়ে খোজ  
নিয়ে আমাকে জানাতে

ও আচ্ছা আমি তো ভেবেছি এটা  
তুমিই জানতে পারবে।

না এই বিষয়ে  
জানে আমার এমন  
পরিচিত কেউ নেই।

আরে বাবা কাউকে লাগবে না। তুমি নিজেই  
অনলাইনে বিভিন্ন ওয়েবসাইট থেকে  
বিস্তারিত জানতে পারবে।

কী বলো?

শোনো বর্তমানে অনলাইন মাধ্যম ব্যবহার করে বিদেশে উচ্চশিক্ষার জন্য তথ্য সংগ্রহ থেকে শুরু করে আবেদন, ভিসার জন্য আবেদন এবং ভর্তি প্রক্রিয়া সবই করা যাচ্ছে খুবই সহজে।

বাংলাদেশ থেকে প্রতি বছর উচ্চশিক্ষার জন্য অনেক শিক্ষার্থী বিদেশ যাচ্ছে।

তাদের পর্যাপ্ত তথ্য ও পরামর্শ দেয়ার জন্য বিভিন্ন ওয়েবসাইট, সামাজিক যোগাযোগ মাধ্যমের গ্রুপ, ইউটিউব চ্যানেল আছে যেখান থেকে কোনো এজেন্সির সহায়তা না নিয়ে সম্পূর্ণ নিজের চেষ্টায় উচ্চশিক্ষার সব কাজ করা যায়।

তাই নাকি?  
অনলাইন মাধ্যম ব্যবহার করে কীভাবে উচ্চশিক্ষা ও শিক্ষা-বৃত্তি সম্পর্কিত জরুরি সকল তথ্য পাওয়া সম্ভব সে সম্পর্কে জলদি বলো

বলছি শোনো, শিক্ষা মন্ত্রণালয়ের এই ওয়েবসাইটে (<http://www.shed.gov.bd/site/view/scholarship>) বাংলাদেশ সরকার প্রদত্ত ও অন্যান্য দেশের সরকারি বিভিন্ন বৃত্তির আবেদন প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত সকল তথ্য পাওয়া যাবে।

তারপর সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক এবং লিঙ্কড ইন-এ বিভিন্ন দেশের উচ্চশিক্ষা ও বৃত্তি সম্পর্কিত তথ্যের জন্য কিছু গ্রুপ আছে।

এসব গ্রুপে যুক্ত হলে যারা এই মুহূর্তে সেসব দেশে আবেদন করছে এবং যারা সেসব দেশে বর্তমানে পড়াশোনা করছে তাদের সবার সাথে যোগাযোগের সুযোগ তৈরি হবে।

তাদের পেইজ অনুসরণ করলে উচ্চশিক্ষার তথ্য পাওয়া যাবে। এছাড়াও বাংলাদেশ থেকে যারা ইতোমধ্যে বিভিন্ন দেশে উচ্চশিক্ষা, চাকরি কিংবা গবেষণা করছেন তাদের প্রতিষ্ঠানের বিজ্ঞপ্তিগুলো তারা সাধারণত লিঙ্কড ইনে প্রকাশ করে।

এছাড়াও কিছু দেশ ও স্কলারশিপ কর্তৃপক্ষের কেন্দ্রীয় ওয়েবসাইট থাকে যারা এই একটি ওয়েবসাইটের মাধ্যমে উচ্চশিক্ষার জন্য আবেদন ও বৃত্তির সকল কাজ পরিচালনা করে থাকে।

এ বিষয়  
সম্পর্কে একটু  
বলবে

বলছি শোনো, Erasmus Mundus Scholarship টি ইউরোপিয়ান ইউনিয়ন-ভুক্ত দেশগুলোর জন্য দেয়া হয়ে থাকে।

ইউরোপের সবচেয়ে ভালো স্কলারশিপগুলোর মধ্যে এটি অন্যতম। কর্তৃপক্ষের ওয়েবসাইটটির মাধ্যমে (<https://ec.europa.eu/programmes/erasmus>) সব তথ্য পাওয়া যাবে। প্রতি বছর বাংলাদেশ থেকে এই স্কলারশিপের আওতায় ১৩০-১৪০ জন শিক্ষার্থী বিদেশে গিয়ে থাকে।

Stipendium Hungaricum Scholarship টি বাংলাদেশ সরকার এবং হাঙ্গেরি সরকারের যৌথ ব্যবস্থাপনায় দেয়া হয়ে থাকে। এই সাইটে (<https://apply.stipendiumhungaricum.hu/>) এই বৃত্তি সম্পর্কিত সকল তথ্য পাওয়া যাবে।

Swedish Institute Scholarship এর সকল তথ্য এই ওয়েবসাইটে (<https://si.se/en/>) পাবে এবং এই ওয়েবসাইটের মাধ্যমে এই স্কলারশিপের আওতায় থাকা সব বিশ্ববিদ্যালয়ে আবেদন করা যাবে।

ভালো তো।  
তারপর?

তারপর বিভিন্ন দেশের সকল বিশ্ববিদ্যালয়ে আবেদন করার জন্য একটি সুনির্দিষ্ট ওয়েবসাইট আছে। এই ওয়েবসাইটগুলোতে এই দেশের সব বিশ্ববিদ্যালয়ে আবেদন সম্পর্কিত বিস্তারিত তথ্য ও সহযোগিতা পাবে।

আবেদন করার জন্যও এসব ওয়েবসাইট ব্যবহার করতে হবে। যেমন -

জার্মানি - <https://www.daad.de/en/>

নরওয়ে - <https://www.studyinnorway.no/>

সুইডেন - <https://www.universityadmissions.se>

ফিনল্যান্ড - <https://opintopolku.fi/>

ইতালি - <https://www.universitaly.it/>

নেদারল্যান্ড - <https://www.studyinholland.nl/>

এরকম অনেকগুলো দেশেরই একটি নির্দিষ্ট ওয়েবসাইটে সকল কাজ করা যায়।

কত কত  
অপশন আছে।  
অথচ জানতামই  
না

শোনো এখনও শেষ হয়নি। তুমি চাইলে, বিভিন্ন  
বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে উচ্চশিক্ষা, বৃত্তি,  
আবেদন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য জানতে পারো।  
যেমন আমেরিকা যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া  
এসব দেশের জন্য প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের  
ওয়েবসাইটে সে বিশ্ববিদ্যালয় সম্পর্কিত তথ্য পাবে।

এছাড়াও কিছু ইউটিউব চ্যানেল আছে যেগুলার  
মাধ্যমে উচ্চশিক্ষা সম্পর্কিত সকল তথ্য পাবে।

এগুলোতে উচ্চশিক্ষা সম্পর্কিত তথ্য, ধাপে ধাপে  
আবেদন প্রক্রিয়া, ডকুমেন্ট তৈরি করা, ভিসা  
আবেদন সংক্রান্ত বিভিন্ন পরামর্শ পাবে। উল্লেখযোগ্য  
ইউটিউব চ্যানেল হচ্ছে -

Scholarship Abroad Bangladesh <https://www.youtube.com/c/ScholarshipAbroadBangladesh/>

উচ্চশিক্ষা সম্পর্কিত তথ্যের জন্য এই  
উৎসগুলো ছাড়াও অনলাইন মাধ্যমে সার্চ  
করলে আরও অনেক উৎস পাবে।

জানো আমার  
খুব আনন্দ  
লাগছে।

এখনই এত খুশি হইও না। আগে  
স্কলারশিপ পাও তারপর যা করার করো।

ঠিক বলেছো।  
তোমাকে অনেক  
ধন্যবাদ।